



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৩ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে রাঙামাটি জেলার নান্যাচর উপজেলাধীন ১৯ মাইল এলাকায় নয়ন চাকমা ওরফে সাজেক (বয়স ৩৫) নামে এক ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ বৃহস্পতিবার, ৩ ডিসেম্বর ২০২০, সংবাদ মাধ্যমে দেয়া বিবৃতিতে তিনি উক্ত হত্যাকাণ্ডকে ‘অত্যন্ত ন্যাকারজনক ও ঠাণ্ডা মাথায় সংঘটিত করা হয়েছে’ মন্তব্য করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

তিনি বলেন, ‘আজ দুপুর ১টার দিকে নয়ন চাকমা ও অন্য দুই ইউপিডিএফ সদস্য সাংগঠনিক কাজে বেতছড়ি থেকে সোনারাম কার্বারী পাড়ায় যাচ্ছিলেন। তারা ১৯ মাইল (বেতছড়ি ও সোনারাম কার্বারী পাড়ার মাঝামাঝি স্থান যা টিবিরছড়ি রাস্তার মুখ নামেও পরিচিত) নামক স্থানে পৌঁছা মাত্র রাঙামাটির দিক থেকে একটি সিএনজি যোগে সাদা পোষাকধারী নিরাপত্তা বাহিনীর সদস্যরা এসে তাদের লক্ষ্য করে অতর্কিত গুলি বর্ষণ করে। এতে ঘটনাস্থলেই নয়ন চাকমা নিহত হন। তবে সৌভাগ্যক্রমে অন্য দু’জন দৌঁড়ে পালিয়ে কোন মতে প্রাণ রক্ষা করতে সক্ষম হন।’

ইউপিডিএফ নেতা আরও জানান, প্রত্যক্ষদর্শীর বর্ণনা অনুযায়ী নয়ন চাকমাকে হত্যার পর তার মৃতদেহ রাঙামাটি খাগড়াছড়ি সড়কে রাখার পর তার পাশে একটি বন্দুক রাখা হয়, যা হত্যাকারীরা তাদের সাথে নিয়ে গিয়েছিল।

নয়ন চাকমার বাড়ি নান্যাচর উপজেলার সাবেক্ষ্যং ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের অধীন বাজে ছড়া গ্রামের বাসিন্দা এবং তার পিতার নাম কান্দারা চাকমা বলে বিবৃতিতে জানানো হয়েছে।

সচল চাকমা অবিলম্বে এ ধরনের বিচার বহির্ভূত হত্যাকাণ্ড বন্ধের জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)